মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২০৯৩৮ তারিখ : ২০-০৩-২০২৫ খ্রি.

বিষয় : অ্যাডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ২৭-০২-২০২৫ তারিখের অনলাইন আবেদন (আইডি-৩২০১১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সদর উপজেলাধীন সাতক্ষীরা টাউন গার্লস্ হাই স্কুল, সাতক্ষীরা-এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ০৩-১২-২০২৪ তারিখের নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.০০.০০১.২০.৩৪ স্মারক নম্বরের অনুমতি এবং "মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০২৪ এর প্রবিধান ৬৪ এর উপ-প্রবিধান (১) এর অধীনে নিম্নলিখিত সদস্য/সদস্যা সমন্বয়ে গঠিত অ্যাডহক কমিটি পত্র ইস্যুর তারিখ হতে অনধিক ০৬ (ছয়) মাসের জন্য অনুমোদন দেয়া হলো।

কমিটি নিম্নরূপ:

| ক্রমিক | নাম | পদ |
|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হুদা | সভাপতি (বোর্ড কর্তৃক মনোনীত) |
| ০২ | জনাব মো: আনোয়ার হোসেন | সাধারণ শিক্ষক সদস্য(জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত) |
| ০৩ | জনাব শরিফ আহমেদ | অভিভাবক সদস্য(জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) |
| ০৪ | প্রধান শিক্ষক, সাতক্ষীরা টাউন গার্লস্ হাই স্কুল, সাতক্ষীরা | সদস্য সচিব |

অ্যাডহক কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে "মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০২৪ এর প্রবিধান ১০ এর উপ-প্রবিধান (১) এর অধীনে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া সম্পন্ন করে অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক/সদস্য সচিব
সাতক্ষীরা টাউন গার্লস্ হাই স্কুল (EIIN : ১১৮৮০৬)
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

বি.দ্র.: অনুমোদিত এডহক কমিটি পরিবর্তন করার ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২০৯৩৮(৬) তারিখ : ২০-০৩-২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৫। সভাপতি, এডহক কমিটি, সাতক্ষীরা টাউন গার্লস্ হাই স্কুল, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৬। অফিস কপি।

২০-০৩-২০২৫
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫২৫৭ | তারিখ : ১০-১২-২০২৩ খ্রি.

বিষয় : <u>বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।</u>

সূত্র : প্রধান শিক্ষকের ২৬-১১-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি- ২৩০০৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১-০১-২০২৪ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন করা হলো।

<u>শর্তাবলি:</u>

১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা করতে হবে।

২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে ও শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।

৩। সহপাঠক্রম জোরদার করতে হবে এবং পাঠক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।

৪। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ এবং ঔষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।

৫। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি বোর্ডকে অবহিত করতে হবে ও বার্ষিক ম্যাগাজিন/দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে।

৬। ভর্তি,নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

৭। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।

৮। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।

৯। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধি মোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।

১০। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে।

১১। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

১০-১২-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক
সাতক্ষীরা টাউন গার্লস্ হাই স্কুল, সাতক্ষীরা ( EIIN : ১১৮৮০৬)
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫২৫৭(৭) | তারিখ : ১০-১২-২০২৩ খ্রি.

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :</u>

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সাতক্ষীরা।

৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।

৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

৭। অফিস কপি।

১০-১২-২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০২৪৭৭৭৬২৭০৫

সত্যায়িত

২৮/৭/২০২৫
উজ্জ্বল কান্তি শর্ম্মা
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ইনডেক্স নং-১০০২৯১০
সাতক্ষীরা টাউন গার্লস হাইস্কুল
সাতক্ষীরা।